



আইনশৃঙ্খলা পরিস্থিতি আগের তুলনায় স্থিতিশীল: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

গত বছরের তুলনায় বর্তমানে দেশের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি আরও স্থিতিশীল হয়েছে বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ।

সোমবার (৮ জুন) সচিবালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। এ সময় টিআইবির প্রতিবেদন নিয়ে কোনো প্রতিক্রিয়া দেননি তিনি।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, জনগণের নিরাপত্তা নিশ্চিত করতে পুলিশ আগের চেয়ে বেশি দায়িত্বশীলভাবে কাজ করছে। মাঠপর্যায়ে তাদের কার্যক্রমে ইতিবাচক পরিবর্তন এসেছে বলেও মন্তব্য করেন তিনি।

তিনি আরও জানান, ভালো কাজের স্বীকৃতি দিতে পুলিশ সদস্যদের উৎসাহমূলক পুরস্কারের ব্যবস্থা রাখা হয়েছে। কৃতিত্বপূর্ণ দায়িত্ব পালনের জন্য সনদ ও আর্থিক সম্মাননা দেওয়া হবে। অনুষ্ঠানে আলোচিত কয়েকটি মামলার তদন্ত ও দ্রুত আসামি গ্রেপ্তারে অবদান রাখায় ১৫ জন পুলিশ সদস্যকে সম্মাননা দেওয়া হয়। প্রত্যেককে সনদের পাশাপাশি ২০ হাজার টাকা করে প্রদান করা হয়। এছাড়া বিশেষ অবদানের জন্য তিন সদস্যকে আইজিপি ব্যাজ পরিয়ে দেন স্বরাষ্ট্রমন্ত্রী।